# জামায়াত আমির ডা. শফিকুর রহমানের হার্টে তিনটি ব্লক, জরুরি বাইপাস সার্জারি সিদ্ধান্ত



সংগৃহীত ছবি

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমানের হার্টে তিনটি বড় ধরনের ব্লক ধরা পড়েছে। চিকিৎসকরা তার এনজিওগ্রামের রিপোর্ট পর্যালোচনা করে জরুরি বাইপাস সার্জারির সিদ্ধান্ত নিয়েছেন। বুধবার বিষয়টি নিশ্চিত করেছেন তার ব্যক্তিগত সহকারী মোহাম্মদ নজরুল ইসলাম।

তিনি জানান, সম্প্রতি সোহরাওয়ার্দী উদ্যানে দলীয় জাতীয় সমাবেশে বক্তৃতাকালে হঠাৎ অসুস্থ হয়ে পড়ে যান ডা. শফিকুর রহমান। এরপর থেকে তার বিভিন্ন স্বাস্থ্য পরীক্ষা-নিরীক্ষা শুরু হয়। ধারাবাহিকভাবে বুধবার তার এনজিওগ্রাম করা হলে তিনটি মেজর ব্লকের অস্তিত্ব ধরা পড়ে।

কার্ডিওলজিস্ট ডা. মমিনুজ্জামানের অধীনে পরিচালিত এনজিওগ্রামের রিপোর্ট দেখে চিকিৎসকরা এনজিওপ্লাস্টির পরিবর্তে বাইপাস সার্জারির পরামর্শ দেন।

দলীয়ভাবে তাকে বিদেশে পাঠানোর বিষয়ে আলোচনা হলেও ডা. শফিকুর রহমান তা প্রত্যাখ্যান করেছেন। তিনি জানিয়েছেন, দেশের চিকিৎসা ব্যবস্থার ওপরই তার সম্পূর্ণ আস্থা রয়েছে। সে কারণে দেশেই দ্রুত সময়ের মধ্যে তার বাইপাস সার্জারি করার সিদ্ধান্ত হয়েছে।

এদিকে, ডা. শফিকুর রহমান ও তার পরিবার দেশবাসীর কাছে তার সুস্থতার জন্য দোয়া চেয়েছেন বলে জানান নজরুল ইসলাম। দলের পক্ষ থেকেও বিষয়টি নিয়ে আলাপ-আলোচনা চলছে।

LENS ASIA